PURULIA MUFFASAL POLICE STATION PURULIA

W.B. Form No. 27

008

# FIRST INFORMATION REPORT

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C. at P.S.

1. Dist. Purulia Sub Div. Purulia Sadar P.S. Purulia (M) Year 2019 FIR No. 157/19 Date 19.07.19

2. i) Act IPC Sections 419/420/34 IPC

ii) Act ... Sections ... Time 12.15

3. a) General Diary Reference: Entry No. 972

b) Occurrence of Offence: Day ... Date on 27.09.17 Time ...

c) Information received Date 19.07.19 Time 12.15 hrs GDE No. 972 at the P.S.

4. Type of information: Written/Oral written

5. Place of Occurrence: a) Direction and Distance from P.S. Shikdih vill - South East, 13 km

b) Address At - Shikdih vill, PS - Purulia (M) Dist - Purulia Anchal - Dimdiha J.L. No. - 25

c) In case outside limit of this Police Station, then the name of P.S. ... District ...

6. Complainant / Informant:

a) Name Sree Bidyut Baran Bhattacharya

b) Father's/Husband's Name Sree Shanti kumar Bhattacharya

c) Date/Year of Birth ... d) Nationality ...

e) Address vill - Pat Jhalda, PS - Jhalda. Dist - Purulia.

7. Details of known/suspected/unknown accused with full particulars (attach separate sheet, if necessary)

(1) Shashanka Shekhar Dubey S/o - at. Nitai ch. Dubey of Shikdi vill, PS - Purulia (M), Purulia

(2) Bhanudeb Dubey S/o - Sree Ramdulal Dubey, do.

(3) Prasanta Bauri S/o - at Santosh Bauri Mensildanga, Purulia, PS - Purulia (T), Purulia

(4) Deep Pandey S/o - at. Binod Pandey vill - Patakata, PS - Shili, (Jharkhand)

8. Reasons for delay in reporting by the complainant/informant noted in complaint.

9. Particulars of properties stolen/involved (attach separate sheet, if required) –

10. Total value of properties stolen/involved –

11. Inquest report/U.D. Case No., if any –

12. FIR Contents: (Attach separate sheets, if required) The original written complaint of the complainant which treated as F.I.R is attached here with.

13. Action taken: Since the above report reveals commission of offence(s) u/s 419/420/34 IPC.

registered the case and took up the investigation/directed ASI Anil Gorai to take up the investigation/transferred to P.S. ... on point of jurisdiction. FIR read over to the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/informant free of cost.

Signature/Thumb impression of the Complainant/informant

Signature of the Officer-in-Charge, Police Station 19/7/19

Name: Sree Sanjoy Kr. Chakraborty

Rank: Inspector of Police

Number if any: I/C Purulia (M) PS.

Inspector-in-Charge Purulia (M) P.S. Purulia

PURULIA

ভারপ্রাপ্ত আধিকারিক,
পুরুলিয়া মফঃস্বল থানা, পুরুলিয়া (পঃ বঙ্গ)

মহাশয়,

আপনার অবগতির জন্য আমি **শ্রী বিদ্যুৎ বরণ ভট্টাচার্য্য**, পিতা - শ্রী শান্তিকুমার ভট্টাচার্য্য, নিবাস - পাট-ঝালদা, পোষ্ট - পাট-ঝালদা, থানা - ঝালদা, জেলা - পুরুলিয়া জানাইতেছি যে, গত ২১.০৬.২০১৭ তারিখ আমি পুরুলিয়া-রাঁচী রোডে একটি জায়গা কেনার জন্য আগ্রহ প্রকাশ করি। এই মোতাবেক পুরুলিয়া মুনসেফডাঙ্গা (চিটাডাঙ্গা) মনসা মেলার সামনে শ্রী প্রশান্ত বাউরী, পিতা - ৺ সন্তোষ বাউরীর সাথে যোগাযোগ হয়। উনি আমাকে জানান যে, তার কিছু যোগাযোগ আছে যার দ্বারা আমি আমার পছন্দ মতো এলাকায় জায়গা কিনতে পারব।

আমি সরল বিশ্বাসে তার কথা মেনে নিই এবং উক্ত ব্যাক্তি আমাকে সিবড়ি গ্রামের (থানা - পুরুলিয়া মফঃস্বল) শ্রী ভানুদেব দুবে, পিতা - শ্রী রামদুলাল দুবের সঙ্গে ২ - ৩ দিনের মধ্যে দেখা করান। উপরিউক্ত দুইজন ব্যাক্তি মিলে আমাকে রুদ্রা গ্রামের (পুরুলিয়া মফঃস্বল থানার অন্তর্গত) শ্রী ভূপতি পাণ্ডে, পিতা - ৺ ছুটুলাল পাণ্ডে-র সাথে যোগাযোগ করায় এবং উপরিউক্ত ব্যাক্তিদের কথামতো দুই বারে মোট ০৬.৭৫ ডেসিমিল ও ৪ ডেসিমিল মোট ১০.৭৫ ডেসিমিল জায়গা আমি আমার স্ত্রী শ্রীমতি শ্রাবন্তি ভট্টাচার্য্য, স্বামী - শ্রী বিদ্যুৎ বরণ ভট্টাচার্য্য -এর নামে ক্রয় করি ও পুরুলিয়া রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রি করাই।

এই ঘটনার কিছু দিন পর শ্রী প্রশান্ত বাউরী ও ভানুদেব দুবে আমার পাট-ঝালদাস্থিত বাড়ীতে আসে এবং আমাকে জানায় ভূপতি পাণ্ডের ভাই শ্রী বিশ্বজিৎ পাণ্ডে, পিতা - ছুটুলাল পাণ্ডে তার অংশের ১০.৭৫ ডেসিমিল জায়গা বিক্রি করার ইচ্ছা প্রকাশ করেছে। আমি তাদেরকে বলি যে, আমি নিজে বিশ্বজিৎ পাণ্ডেয় সাথে যোগাযোগ করব। তখন উক্ত ব্যাক্তিরা তৎক্ষণাৎ আমার বাড়ী থেকেই বিশ্বজিৎ পাণ্ডের সহিত ফোন মারফৎ যোগাযোগ করে ও ফোনে আমাকেও কথা বলায়। এবং সেই ব্যাক্তি নিজেকে বিশ্বজিৎ পাণ্ডে বলে পরিচয় দেয় এবং বলে আমি জমির মালিক বলছি। এর পর বিশ্বজিৎ পাণ্ডের বেহাই শ্রী শশাঙ্ক শেখর দুবের সাথেও কথা বলা হয়। এবং ঠিক হয় যে আমি জায়গাটি ৮,০০,০০০.০০ (আট লক্ষ) টাকার বিনিময়ে কিনব। সেই মোতাবেক গত ২৭.০৯.২০১৭ তারিখে আমি এবং আমার স্ত্রী শ্রাবন্তি ভট্টাচার্য্য ৮,০০,০০০.০০ (আট লক্ষ) টাকা নিয়ে পুরুলিয়া রেজিষ্ট্রি অফিসে পৌঁছায়। উক্ত দিনে প্রশান্ত বাউরী, ভানু দুবে, বিশ্বজিৎ পাণ্ডে, তার বেহাই শশাঙ্ক শেখর দুবে ও দীপ পাণ্ডে পুরুলিয়া রেজিষ্ট্রি অফিসে পৌঁছায় এবং বিশ্বজিৎ পাণ্ডে তার আধার কার্ড ও প্রয়োজনীয় কাগজপত্র দলিল লেখকের কাছে জমা দেয়। তারপর সকলের উপস্থিতিতে আমি শ্রী বিশ্বজিৎ পাণ্ডে ও তার বেহাই শ্রী শশাঙ্ক শেখর দুবের হাতে **মোট ৮,০০,০০০.০০ (আট লক্ষ) টাকা** তুলিয়া দিই। এই ৮,০০,০০০.০০.(আট লক্ষ) টাকার বিনিময়ে রেজিষ্ট্রি দলিল আমার স্ত্রী শ্রীমতি শ্রাবন্তি ভট্টাচার্য্যর নামে করিয়া দেয়।

তখনও আমরা বুঝতে পারিনি যে উক্ত ব্যাক্তিরা পূর্ব পরিকল্পিতভাবে যোগসাধন করে কিছু নথি জাল করে অন্য এক ব্যাক্তিকে দাঁড় করিয়ে আমাদের কাছে সব কিছু গোপন রেখে আমাদের সরলতার সুযোগ নিয়ে আমাদিগকে প্রতারণা করেছে নিম্নলিখিত ব্যাক্তিগণ – **(১) শশাঙ্ক শেখর দুবে**, পিতা - ৺ নিতাই চন্দ্র দুবে, গ্রাম ও পোঃ- সিবড়ি, পুরুলিয়া মফঃ থানা, **(২) ভানুদেব দুবে**, পিতা- শ্রী রামদুলাল দুবে, গ্রাম ও পোঃ- সিবড়ি, পুরুলিয়া মফঃ থানা, **(৩) প্রশান্ত বাউরী**, পিতা- ৺ সন্তোষ বাউরী, পুরুলিয়া, মুনসেফ ডাঙা, চিটাডাঙা, মনসামেলা, পুরুলিয়া টাউন থানা, **(৪) দীপ পাণ্ডে**, পিতা- ৺ বিনোদ পাণ্ডে, গ্রাম ও পোঃ- পাতরাহাতু, থানা ঃ- সিল্লী (ঝাড়খণ্ড), এরা একত্রিতভাবে একই উদ্দেশ্য সাধনে অসৎ পথে অর্থ উপার্জনের জন্য এইরূপ ঘটনা ঘটিয়েছে। এই শশাঙ্ক শেখর দুবে ও দীব পাণ্ডে রেজিষ্ট্রিতে স্বাক্ষর করে এবং বারবার আমাকে ভুল বুঝিয়ে জমিটি ক্রয় করার প্রলোভন দেখাত।

এর পর গত ০৩.০৩.২০১৯ তারিখ আদালত থেকে একটি নোটিশ পাই যার নম্বর হল – দেওয়ানী কেশ নং ৪৪/১৮ তারিখ ২৭/০২/২০১৯ এবং সেখান থেকে জানতে পারি যে, যে লোকটি আমাকে জমিটি বিক্রী করেছে সেই লোকটি জমিটির আসল মালিক নয়। তখন আমার বুঝতে অসুবিধা হয়নি যে উপরিউক্ত ব্যাক্তিগণ আমাদের সাথে প্রতারণা করেছে। উররিউল্লিখিত ব্যাক্তিদের জন্য আমার **মোট ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা** ক্ষতি হয়েছে।

সুতরাং আপনার কাছে আমার বিশেষ প্রার্থনা এবং অনুরোধ এই যে, উপরিউল্লিখিত ঘটনার তদন্ত করিয়া দোষী ব্যাক্তিদের বিরুদ্ধে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিয়া বাধিত করিবেন।

নিবেদন ইতি --

বিনীত --

শ্রী বিদ্যুৎ বরণ ভট্টাচার্য্য

**(শ্রী বিদ্যুৎ বরণ ভট্টাচার্য্য)**
পিতা - শ্রী শান্তি কুমার ভট্টাচার্য্য
গ্রাম ও পোঃ - পাট-ঝালদা, থানা - ঝালদা, জেলা - পুরুলিয়া (পঃ বঙ্গ)

Received at 12.15 hrs
on 19.07.19 and registered
Purulia (M) PS Case no -
157/19 dt - 19.07.19 u/s -
419/420/34 IPC

Inspector-in-Charge
Purulia (M) P.S.
Dist.-Purulia